I 3171 500 Rs.

INDIA NON JUDICIAL

Rs 500

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

... Act duly Stamped ... not require Stamp duty under the India Stamp Act 1899 as amended by W. B. Stamp Amendment Act XVII of 1964, Schedule 1A No. 23

FEES PAID

A 61.50
E 4.00
1.50
67.00

...of Alipore ... 24 Parganas.

মং ১০০০০ দশ হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল –

কোবালা গৃহীতা – শ্রী রাধা বল্লভ সাহা পিতা মৃত ক্ষেত্র নাথ সাহা ধর্ম্ম হিন্দু পেশা অবসরপ্রাপ্ত ইণ্ডিয়ান এয়ার ফোর্সের অফিসার, সাং খাকানগর থানা কালিয়াগঞ্জ জিলা পশ্চিম দিনাজপুর —হাল সাং সি/১০ বাঘা যতিন পল্লী থানা যাদবপুর কলিকাতা ৩২।

কোবালা দাতা – ১। শ্রীমতী কমলা রায় চৌধুরী স্বামী শ্রী বিভূতি প্রসন্ন রায় চৌধুরী ধর্ম্ম হিন্দু, পেশা গৃহকার্য্য, সাং ২০জি বাবু রায়পুর রোড থানা যাদবপুর, কলিকাতা ৩২।

কনফার্মিং পার্টি – শ্রী গোকুলনাথ সরকার পিতা মৃত সূর্য্য চন্দ্র সরকার ধর্ম্ম হিন্দু, পেশা ব্যবসা সাং পশ্চিম রাজাপুর থানা যাদবপুর জেলা ২৪ পরগণা

No. 2444 (3)
Sold to Ramesh Chandra Roy.
Advocate
Alipur.
For 500.00
18-6-75

No 2444 (3) = 500.00
" = 15-00
" 4-00
519-00

Registration at 12/5 or P. M. on the 25th day of June 1975 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Kamala Roy Choudhury
Executant of Claimant or attorney

Kamala Roy Choudhury
Son / Wife of
Thana
District
By Caste

Sub-Registrar of Assurance at Alipur
24 Parganas.

4284

4285

Bibhuti Narayan Roy Choudhury
Son / Wife of
Thana
District
By Caste

Sub-Registrar of Assurance at Alipur
24 Parganas.

15 Rs.






কস্য ভাড়াটিয়া শূন্যের জমি জমা খাজনা বাকির দাওয়াদাবি ও যাবতীয় ইজমেন্ট ও সর্ব্ব স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে —

জেলা ২৪ পরগণা থানা অধুনা যাদবপুর সাবরেজেষ্ট্রী আলিপুর পরগণে খাসপুর ডেঃ নাঃ নং ১৭ জেঃ এলঃ নং ৩১ মৌজে বাদে খাড় গ্রামের ২৪৬, ১৫১৬ – ১৫১৮ নং তৌজি ভুক্ত ডিঃ সেটেলমেন্টের জরিপের ২১৯ নং খতিয়ানের ৭৭২ নং দাগের .৪৪ শতক মধ্যে পৃথক চিহ্নিত ৮০৮/০ গন্ডার কাঠা তের ছটাক জমি বিগত ইং ১৫।১২।৬৫ তারিখে আলিপুর রেজেষ্ট্রী দাখিলে রেজেষ্ট্রী কৃত ১নং বহির ১৭৭ নং ভলিউমের ৫৭ হইতে ৬৩ নং পাতায় লিপিবদ্ধ ১৯৬৫ সালের ৯৩৯৫ নং সাফ কোবালা দলিল মূলে জনৈক সুমন ভাই এন প্যাটেলের নিকট হইতে এবং ঐ তারিখে ঐ মৌজার ২৬৫ নং খতিয়ান ভুক্ত ৬৮৫ দাগ মধ্যে /১।৮০ এক কাঠা ছটাক বা .০২ শতক জায়গার জমির মালিকী স্বত্ব ও ২১৯ নং খতিয়ান ভুক্ত ৭৭২ নং দাগের মধ্যে /১৮৩ এক কাঠা বার

Scanned with OKEN Scanner

2668 (3)
Ramesh Ch. Roy

15.00
18-6-75

25/6/13

INDIA

चार रुपया

FOUR RUPEES भारत FOUR RUPEES



ছটাক ছত্রিশ স্কোয়ার ফিট বা কমবেশ .০৩ শতক জমির মালিক। নং ও ৭৭২ নং দাগ ভুক্ত জমির মধ্যে পৃথক চিহ্নিত অর্থাৎ আমার মাতার ৴৩৬ তিন ছটাক সমু বর্গ ফিট জমি জনৈক শান্তি দাস দে পাত্রের নিকট হইতে মোকাম আলিপুর সাবরেজেস্ট্রী। আফিসে রেজেস্ট্রী। কৃত ১নং বহির ১৭৫ নং ভলিউমের ১৮৮ হইতে ১৯৪ পাতায় লিপিবদ্ধ ১৯৬৫ সনের ৯৩৯৬ নং সাফ কোবালা দলিল মূলে আমি এই কোবালা দলিলের দাতা আমার স্বোপার্জ্জিত স্ত্রীধন যৌতুক আদির ও আমার পিতৃ দত্ত টাকা দ্বারা নিজ অর্থে ও স্বার্থে জনৈক গোকুলনাথ নস্করের বেনামে খরিদ করিয়া খাস দখলে রাখিয়া ভোগ করিয়া আসিতে থাকা অবস্থায় উক্ত জমি হইতে আমি কতক জমি ইতিপূর্ব্বে বিক্রয় করিয়া দিয়াছি এবং বাকি।০।৴০ পাঁচ কাঠা ছয় ছটাক জমি আমার খাস দখলে আছে। উক্ত সম্পত্তি খরিদ করা তারিখ এ পর্য্যন্ত কেহ আমাকে দেয় নাই বা নেওয়ারও প্রয়োজন হয় নাই। বর্ত্তমানে উক্ত জমি মাপ জোক করিয়া দেখা যায় যে –

2444(3)
Ramesh Chandra Ray
Advocate.

4.00
18-6-75 M

Scanned with OKEN Scanner

উক্ত ।০।৵০ পাঁচ কাঠা ছয় ছটাক মধ্যে ৵৪৸৵০ চারি কাঠা চৌদ্দ ছটাক জমি হইতেছে।

বর্তমানে উক্ত জমির দক্ষিণ মাথা হইতে ৵।।৵২১ দশ ছটাক একুশ বর্গ ফিট জমি পশ্চিম বঙ্গ সরকারের পক্ষে এ্যাকুইজিশন বিভাগ হইতে এল.এ কেস নং ১১।১৫ সন ১৯৬৭ – ৬৮ দ্বারা একোয়্যার করিয়াছেন এবং বর্তমানে উহার ক্ষতি পূরণের টাকা আমি পাই নাই। উক্ত একোয়্যার বাদে ৵।।৵২১ বর্গ ফিট জমি বাদে বাকি ৵৪।২৪ চার কাঠা চার ছটাক চব্বিশ বর্গ ফুট জমি আমার ভোগ দখলে আছে এবং উহাতে আমি [illegible] নিরাপদে ও নির্বিবাদে ভোগবান ও দখলিকার হইতেছি ও আছি এবং উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম নির্ব্যূঢ় স্বত্ব বিদ্যমান আছে। প্রকাশ থাকে যে আমার ভোগ দখলের ও আইনের কূট তর্ক নিবারণের জন্য আমি উক্ত আমার বেনামদার লোকনাথ সরকার মহাশয়কে আমার বরাবর এক কেতা নাদাবী দলিল সম্পাদন করিয়া দেওয়ার জন্য বলায় উক্ত আমার বেনামদার লোকনাথ সরকার আমার উক্ত জমির জন্য বিগত ইং ১৯৭২ সালে আলিপুর সাবরেজেষ্টারী আফিসে রেজেষ্টারী বুক ১নং বহির ১২৮ নং ভলুমের ১৫৪ হইতে ১৬০ নং পাতায় লিপিবদ্ধ ৪৭৫৫ নং এক কেতা নাদাবী বা মুক্তি পত্র দলিল আমার বরাবর সহি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিয়া উক্ত জমির তাবতীয় স্বত্ব স্বত্ব দখল অধিকার আমার বরাবর পরিত্যাগ করিয়াছেন এবং আমি একক ভোগ দখল ক্রমে উহাতে নির্ব্যূঢ় স্বত্বে মালিক ও দখলিকার হইতেছি ও আছি।

বর্ত্তমানে উক্ত বাদে আমি প্রাপ্তের ডিং সেটেলমেন্টের ২১১ খাং ২৫৯ নং খতিয়ানের শামিল ১১২ খাং ১০৪ নং দাগের আমার খাস দখলীয় ৴৪।২৪ চার কাঠা চার চব্বিশ বর্গ ফুট জমি যাহা অত্র নাথ ও অত্র কোবালা দলিল সংলগ্ন ও দলিলের একাংশ গণ্য নকশায় লাল রেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইল। উক্ত জমি ও পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ল্যান্ড একুইজিশান বিভাগের এল.এ. কেস নং ১১।১৫ অব ১৯৬৭-৬৮/ কর্তৃক ৴১১৴২১ মধ্যে ছটাক একুয়ার কৃত অধিকৃত জমির ক্ষতি পূরণের যাবতীয় টাকা প্রাপ্তির অধিকার সহ সরকার হক হকুক বিক্রয় করিবার জন্য ঘোষণা করিলে আপনি তাহা অবগত হইয়া উক্ত আমার খাস দখলীয় ৴৪।২৪ বর্গ ফুট জমি ও সরকার কর্তৃক অধিকৃত ৴১১৴২১ বর্গ ফুট জমির ক্ষতি পূরণের টাকা পাইবার অধিকার সহ যাহা অত্র নাথ নকশায় লাল রেখায় চিহ্নিত হইল তাহা বর্তমান বাজার উচিত আমার যাচিত মং ১০০০০ দশ হাজার টাকা পণ মূল্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করায় আমি তাহাতে সম্মত ও রাজী থাকিয়া অদ্য তারিখে আপনার নাম বরাবর অত্র নাথ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া পণের নগদ মং ১০০০০ দশ হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া — — .— এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে — তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার হক হকুক আদি ছিল ও আছে তাহা অদ্য হইতে অত্র কোবালার বলে আমা হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনার প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তিল ও অর্পিল। আপনি অদ্য হইতে উহাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক — সরকারের নিজ নাম পত্তন করিয়া খাজনা ও ট্যাক্স আদি আদায়ে উহা কাটিয়া

ভরিয়া বাস্তু বাসগৃহাদি বানাইয়া বাগ বাগিচা নির্মাণে বৃক্ষাদি রোপণে ও ছেদনে কি কাঁচা পাকা গৃহাদি নির্মাণে কূপ নলকূপ ড্রেন খাওয়ার ড্রেন পায়খানা ইত্যাদি খননে যদিচ্ছা মত ব্যবহারে বৈদ্যুতিক তার ও জলের কলের কানেকশান আদি লইয়া এবং সরকার অধিকৃত উপরোক্ত জমির খাজনাদির টাকা প্রদান করিয়া বা যদি সরকার বাহাদুর উক্ত জমি একোয়ার মুক্ত করিয়া দেন তাহা হইলে তাহার যাবতীয় খাস দখল অধিকারে পরিচালনে দান বিক্রয় বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তর স্থাবর ও অস্থাবরের করণের উপযুক্ত ক্ষমতা ধারণে যদিচ্ছা মত ব্যবহারে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্বদা সর্বথা সর্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কোন স্থানে কোন প্রকার দান বিক্রয় বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার নিমিত্ত অপর কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিবদ্ধ নাই বা উহাতে আমার অপর কোন শরিক বা অংশীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি। উহা কোন মামলা মোকর্দমার বিষয়ীভূত নহে বা উহাতে কোন চার্জ বা লিয়েন নাই উপরোক্ত বর্ণিত একোয়ার লাও বাদে অকৃষি খাস দখলীয় বিক্রিত ভূমি সরকার বাহাদুর হইতে বা অন্য কোন যৌথ প্রতিষ্ঠান হইতে কোন

Scanned with OKEN Scanner

প্রকার অক্তোয়ার বা এ্যাকুইজিশান হয় নাই বা উহা কোন দেবোত্তর পীরোত্তর ও ওয়াকফ ষ্টেট ভুক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ণ নিষ্কন্টক নির্দোষ অবস্থায় আমার দখলে থাকা অবস্থায় অত্র কোবালা দলিল মূলে আপনাকে বিক্রয় করিয়া ও বিক্রিত বাবদ নির্দিষ্ট সম্পত্তিতে আপনাকে খাস দখল প্রদান করিলাম ও সরকার বাহাদুর কর্তৃক একোয়ার ভুক্ত নিষ্কর দান বিক্রি পুরুষের যাবতীয় সর্ব পাইবার আপনার অধিকার দিলাম।

আপনি আমার কথায় সত্য বিশ্বাসে ও উক্ত একোয়ার বিষয় অবগত থাকিয়া ইহা খরিদ করিলেন উক্ত একোয়ার বাবদ অন্য কোন দায় ও দোষ থাকা প্রকাশে আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন ঘটে তাহা হইলে আমি আমার খাইবার খরচে আসিয়া দায়ী হইব এবং আপনার যাবতীয় ক্ষতি পূরণ সহ যাবতীয় ক্ষতি পূরণ করিতে বাধ্য রহিলাম। ভুল ভ্রান্তি কারণঃ ভবিষ্যতে আমার দ্বারা কোন প্রকার সংশোধন বা পরিশুদ্ধ দলিল করিয়া দেওয়ার আবশ্যক হইলে আমি বিনা পনে আপনার খরচায় আপনার বরাবর তাহা সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে আমি ওয়ারিশান গণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

আরও প্রকাশ থাকে যে অত্র দলিল সহিত সংযোজিত নকশায় যে চৌহদ্দির ও রাস্তাঘাটের কমন প্যাসেজ প্রদর্শিত হইল উক্ত কমন প্যাসেজে আপনার যাতায়াতের ও যাবতীয় কানেকশান আদি আমাদের ও স্কুল দিয়া জল নিকাশনের অধিকার ও যাবতীয় ইজমেন্ট সুবাদি পরিচালনের অধিকার রহিল।

আমি এই দলিলের ২নং কনফার্মিং পার্টি এই দলিল পাঠ করিয়া ও ইহার যাবতীয় মর্ম্ম অবগত হইয়া ও আমি উক্ত দাতার বেনামদার পূর্ব্বে ছিলাম বিধায় এবং ভবিষ্যতে আইনের কূট তর্ক নিবারনার্থে এই দলিলে সমর্থনকারী পক্ষ হিসাবে সহি সম্পাদন করিলাম ও এই বিক্রয় পুনঃ স্বীকার করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় এই দলিলের বিষয় বস্তু অবগত হইয়া ও ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া পণের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া ও তৎ প্রাপ্তি স্বীকারে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নামে বরাবর যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং সন ১৯৭৫ সালের 25/3 বাংলা ১৩৮২ সালের ১০ই আশ্বিন

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় –

জেলা ২৪ পরগণা থানা অধুনা যাদবপুর সাবরেজেষ্ট্রী আলিপুর পরগণে খাসপুর তৌঃ নাং নং ১৭ জেঃ এলঃ নং ৩১ মৌজা বাজে মগুড় গ্রামের কালেক্টরীর ২৪৩, ১৫১৬ – ১৫১৮ নং তৌজি ভুক্ত মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন রায়তি স্থিতিবান স্বত্বের সাবেক ২১৯ হাল ২৫৯ নং খতিয়ান ভুক্ত ০.৩৭ শতক কড়চার সাবেক ৭৭২ দাগমত বাস্তু

নির্মল রায় চৌধুরী

হাল ৭০৪ নং খতিয়ানের চৌত্রিশ দাগের .৪৪ শতক জমি মধ্যে অত্র নং দাখিলা ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নকশায় লাল রং-এর বর্ডার দ্বারা খামার খাস দখলিয় /৪।২৪ চার কাঠা চার ছটাক চব্বিশ বর্গ ফুট জমি ও উক্তরূপ মধ্যে ৭৪ বং নকশায় নাম ও একাকুইজিসান কিতাবের এল.এ কেস নং ১১।১৫ সন ১৯৬৭ - ৬৮ নং কেস দ্বারা অধিকৃত /।।/২১ নয় ছটাক একুশ বর্গফুট জমি যাহা অত্র নং নকশায় নীল রং-এ চিহ্নিত রূপে প্রদর্শিত হইল উক্ত জমির ক্ষতি পূরণের টাকা পাইবার অধিকার বা উক্ত জমি সরকার হইতে মুক্তি দিলে তাহার খাস দখল পাইবার অধিকার ও নকশায় প্রদর্শিত রূপ প্যাসেজের যাবতীয় চলাচলের ও ব্যবহারাদির অধিকার সুদ্ধ দস্তুর স্বত্ব সকল অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে। ইহার হাল হারাহারি খাজনা .৫৮ পয়সা -

টাকার রসিদ -

DRAFT ON STATE BANK OF INDIA JADAVPUR UNIVERSITY No. CF 009484 DATED 24.6.7

অদ্য তারিখে নগদ প্রাপ্ত ১০০০০.টাকা -

সাক্ষীগণ সম্মুখে আমার টাকা হাজিরান মজলিসে নগদ গণিয়া বুঝিয়া পাইলাম।

নির্মল রায় চৌধুরী

ইসাদী

56, Ashok Road, Garia, 24 Parganas, West Bengal 25/6/75

টাইপ

আলিপুর পুলিশ কোর্ট =

Book No. I

Volume no. 87

Pages 72 to 83

Being No. 3121

For the year 1975

Sub-Registrar of Alipore at Alipore

Dist- 24 Parganas.

1/8/75


# SITE PLAN
## OF

PORTION OF C.S. PLOT NO. 772
MOUJA BADEMASAR, J.L. No. 31
P.S. JADAVPUR, DT. 24 PARGANAS
SCALE-30'=1"

SOLD AREA SHOWN IN RED BORDER
= 4 KATTAH - 4 CHATTAK - 24 SFT

ACQUIRED AREA, 9 CHATTAK - 21 SFT
(SHOWN IN BLUE COLOUR)

TOTAL AREA = 4 KATTAH - 14 CHATTAK




SURVEYED & DRAWN BY
B. ROY. 15.6.75